



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/29/2020

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর কুওমো নিরাপত্তা এবং কার্যকারিতার জন্য টিকা পর্যালোচনার জন্য ক্লিনিক্যাল উপদেষ্টা টাস্ক ফোর্সের সদস্যদের নিয়োগ দিয়েছেন

ক্লিনিক্যাল উপদেষ্টা টাস্ক ফোর্স নেতৃস্থানীয় চিকিৎসা ও বিজ্ঞান বিশেষজ্ঞদের নিয়ে গঠিত ফেডারেল সরকার কর্তৃক বিতরণের জন্য অনুমোদিত প্রতিটি টীকা পর্যালোচনা করার জন্য

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ক্লিনিক্যাল উপদেষ্টা টাস্ক ফোর্স (Clinical Advisory Task Force) এর সদস্যদের নিয়োগ করেছেন যারা ফেডারেল সরকার কর্তৃক অনুমোদিত প্রতিটি COVID-19 টিকা পর্যালোচনা করবে এবং নিউ ইয়র্ক স্টেটকে এই টিকার নিরাপত্তা ও কার্যকারিতা সম্পর্কে পরামর্শ দেবে।

"আমরা নিশ্চিত করতে চাই যে আমরা নিউ ইয়র্কবাসীদের বলতে পারি যে এই টিকা নিরাপদ এবং তারপর আমরা একটি বিতরণ পরিকল্পনা করতে চাই, এবং তা নির্ধারণ করতে আমরা আমাদের নিজেদের দলকে একত্রিত করছি," **গভর্নর কুওমো বলেন।** "ফুড অ্যান্ড ড্রাগ অ্যাডমিনিস্ট্রেশন (Food and Drug Administration, FDA) এটাকে নিরাপদ ঘোষণা করার পর আমাদের নিউ ইয়র্কের একদল ডাক্তার এবং বিশ্বের সেরা কিছু ডাক্তার FDA কী করেছে তা পর্যালোচনা করবে, তাই আমি নিউ ইয়র্কবাসীদের বলতে পারবো যে এটা নিরাপদ। কিছু জরিপে বলা হয়েছে যে আমেরিকার অর্ধেক মানুষ এই মুহূর্তে এই টিকা নেবে না কারণ তারা বিশ্বাস করে না যে এটা নিরাপদ। আমি নিউ ইয়র্কবাসীদের বলতে পারতে চাই যে এটা নিরাপদ, এটা গ্রহণ করুন, এবং আমি সর্বোত্তম বিতরণ করতে চাই কারণ আদর্শগতভাবে আমরা জাতির প্রথম COVID-নিরাপদ রাষ্ট্র হতে চাই।"

ক্লিনিক্যাল উপদেষ্টা টাস্ক ফোর্সের সদস্যদের তালিকা নিচে দেওয়া হল:

- চার্লস এম. রাইস, পিএইচডি, রকফেলার বিশ্ববিদ্যালয়
- স্কট এম. হ্যামার, এমডি, নিউ ইয়র্ক-প্রেসবিটেরিয়ান/কলাম্বিয়া ইউনিভার্সিটি মেডিকেল সেন্টার
- অ্যাডলফো গার্সিয়া-সাস্ট্রে, পিএইচডি, মাউন্ট সিনাইয়ের ইকান স্কুল অফ মেডিসিন
- শ্যারন নাচম্যান, এমডি, স্ট্যানি ব্রুক বিশ্ববিদ্যালয়ের রেনেসাঁ স্কুল অফ মেডিসিন
- কেলভিন লি, এমডি, রসওয়েল পার্ক

- ব্রুস ফারবার, এমডি, নর্থওয়েল হেলথ
- শনিকুয়া ক্যালিয়ার, এমএ, জেডি, জর্জ ওয়াশিংটন ইউনিভার্সিটি স্কুল অফ মেডিসিন অ্যান্ড হেল্থ সায়েন্সেস

গভর্নর [গত সপ্তাহে ঘোষণা](#) করেন যে নিউ ইয়র্কের COVID টিকার প্রস্তুতির অংশ হিসেবে রাষ্ট্র দুটি পৃথক প্রাথমিক টাস্ক ফোর্স গঠন করেছে। বৃহস্পতিবার গভর্নর প্রথম টাস্ক ফোর্সে প্রাথমিক নিয়োগের কথা ঘোষণা করেন, যা টিকার প্রশাসন এবং সরবরাহের লজিস্টিক পরিকল্পনা রচনায় নিবেদিত। আজকের ঘোষণা দ্বিতীয় টাস্ক ফোর্সের সদস্যদের যোগ করেছে, যারা টিকার নিরাপত্তা এবং কার্যকারিতা মূল্যায়নের দায়িত্বে রয়েছে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | [518.474.8418](tel:518.474.8418)

আনসাবস্কাইব করুন